দৈনিক সংবাদ

তারিখ 30 DEC 1991
পৃষ্ঠা ১ কলাম ৬

৬৩

07

# আবেদনপত্র বাছাইয়ের পর শিক্ষাবৃত্তি না দেয়ার সিদ্ধান্ত

॥ প্রফুল্ল কুমার ভক্ত ॥

যেসব সরকারী-কর্মচারী দু'সন্তানের পিতা-মাতা, সরকারী কর্মচারী কল্যাণ তহবিল থেকে তাদের বর্ধিত হারে শিক্ষা সাহায্য দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছিল। অর্থাভাবে সে সিদ্ধান্ত কার্যকর করা সম্ভব হয়নি বলে একটি নির্ভরযোগ্য সূত্রে জানা যায়।

গত বছরের ৫ই নভেম্বর সরকারী কর্মচারী কল্যাণ কমিটির সভা অনুষ্ঠিত হয়। তাতে জানানো হয়, যেসব সরকারী কর্মচারী দু'সন্তানের পিতা-মাতা, তাদের অধিক হারে শিক্ষা সাহায্য দেয়া হবে। কিন্তু পরবর্তীকালে তহবিলের সংকটের কথা বিবেচনা করে বর্ধিত হারে শিক্ষা বৃত্তি দেয়া সম্ভব নয় বলে সিদ্ধান্ত নেয়া হয়েছে।

শিক্ষা সাহায্য দেয়ার উদ্দেশ্যে সংবাদপত্র, রেডিও, টেলিভিশন ও বিজ্ঞপ্তির মাধ্যমে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা হয়েছিল। চারটি বিভাগীয় অফিস থেকে ১ লাখ ৪

আবেদনপত্র : পৃঃ ৮ কঃ ১

## আবেদনপত্র : শিক্ষাবৃত্তি না দেয়ার সিদ্ধান্ত

(১ম পাতার পর)

হাজার ৭শ' ৭৪টি আবেদনপত্রের মাধ্যমে ১ লাখ ৭৮ হাজার ৭শ' ৫৩ জন ছাত্রছাত্রীর আবেদন পাওয়া যায়। বাছাই ও পরীক্ষা-নিরীক্ষার পর ১ লাখ ৫৭ হাজার ৮০ জন ছাত্রছাত্রী শিক্ষা বৃত্তি পাবার যোগ্য বলে বিবেচিত হয়। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের প্রত্যেকের সন্তান-সন্ততি যত বেশিই থাকুক না, দু'টির বেশি সন্তান বৃত্তি পাবার যোগ্য বলে বিবেচিত হয় না।

বৃত্তি পাবার যোগ্য বলে বিবেচিত ছাত্রছাত্রীদের দু'ভাগে ভাগ করা হয়েছে। শতকরা ৪০ থেকে ৫৯ নম্বর প্রাপ্ত ছাত্রছাত্রী সাধারণ এবং শতকরা ৬০ থেকে তার বেশী নম্বর প্রাপ্ত ছাত্রছাত্রীরা মেধার ভিত্তিতে বৃত্তি পাবে। ১ লাখ ৪৯ হাজার ৩শ' ৩৬ জন ছাত্রছাত্রী সাধারণ এবং ৭ হাজার ৭শ' ৪৪ জন ছাত্রছাত্রী মেধার ভিত্তিতে বৃত্তি পাবার যোগ্য বলে চিহ্নিত হয়েছে।

সম্প্রতি অনুষ্ঠিত কেন্দ্রীয় শিক্ষা বৃত্তি নির্বাচন কমিটির সভায় বৃত্তির হার নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত সাধারণ ও মেধা উভয় গ্রুপের ছাত্রছাত্রী এককালীন ১৫০ টাকা, ৯ম থেকে এসএসসি উভয় গ্রুপের ছাত্রছাত্রী ২০০ টাকা, এইচএসসি, পলিটেকনিক ও ডিপ্লোমা কোর্সের সাধারণ গ্রুপের ছাত্রছাত্রী ৪০০ টাকা ও মেধা গ্রুপ ৫০০ টাকা, বিএ, বি কম ও বিএসসি'র সাধারণ গ্রুপ ৬০০ টাকা ও মেধা গ্রুপ ৬৫০ টাকা, এম এ, এম কম ও এমএসসি'র সাধারণ গ্রুপ ৮৫০ টাকা ও মেধা গ্রুপ ৯০০ টাকা এবং চিকিৎসা, প্রকৌশল ও কৃষি কোর্সের সাধারণ গ্রুপ ১ হাজার টাকা ও মেধা গ্রুপ ১ হাজার ১শ' টাকা বৃত্তি পাবে।

বৃত্তি প্রদানের জন্য চিহ্নিত ১ লাখ ৫৭ হাজার ৮০ জন ছাত্রছাত্রী মোট ৪ কোটি ২৫ লাখ ৬৯ হাজার ৭৩৮ টাকা ২৭ পয়সা পাবে। এর মধ্যে ঢাকা মহানগরী ৬৭ লাখ ১২ হাজার ৪৮৮ টাকা ২৭ পয়সা, ঢাকা বিভাগ ১ কোটি ৪৫ লাখ ৩৫ হাজার টাকা, চট্টগ্রাম বিভাগ ৬৬ লাখ ৬৪ হাজার ২৫০ টাকা, খুলনা বিভাগ ৭০ লাখ ৪৯ হাজার ৪৫০ টাকা এবং রাজশাহী বিভাগ ৭৫ লাখ ২৮ হাজার ৫৫০ টাকা পাবে। চলতি ১৯৯১-৯২ অর্থবছরে এই খাতে ৪ কোটি ৫০ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে বলে একটি নির্ভরযোগ্য সূত্রে জানা যায়।